



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
৮/সি, শেরেবাংলা নগর, আগারগাঁও  
ঢাকা-১২০৭

স্মারক নং- ৫৭.১৭.০০০০.১০৪.০২.২১৭.১৬. ১৮৭

তারিখঃ ২৪ মে ২০২৩ খ্রি.

বিষয়ঃ ২০২২ সনে অনুষ্ঠিত ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি, ডিপ্লোমা ইন ফিসারিজ, ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (নেভাল) এ্যাডভান্স সার্টিফিকেট পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন ও মডারেশনের বিল ব্যাংকে প্রেরণ প্রসংগে।

উপরে উল্লেখিত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ২০২২ সনে অনুষ্ঠিত ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ২০১০ প্রবিধানের ও ট্যুরিজম এন্ড হসপিটালিটি শিক্ষাক্রমের ৩য়, ৫ম, ৬ষ্ঠ, ৭ম, ৮ম পর্ব, ডিপ্লোমা ইন এগ্রিকালচার শিক্ষাক্রমের ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম পর্ব ও ২০২২ প্রবিধানের ১ম পর্ব, ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ১ম, ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ পর্ব ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি, ডিপ্লোমা ইন ফরেন্সি ও ডিপ্লোমা লাইভস্টক শিক্ষাক্রমের ১ম, ৩য়, ৪র্থ ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্ব, ডিপ্লোমা ইন ফিসারিজ ২০২২ প্রবিধান ১ম পর্ব, বেসিক ট্রেড (৩৬০ ঘন্টা), ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (নেভাল) এ্যাডভান্স সার্টিফিকেট কোর্স ১ম, ২য় পর্ব ও সার্টিফিকেট ইন পোল্ট্রি ফার্মিং, এনিমেল হেলথ শিক্ষাক্রমের ১৩০৬ জন প্রশ্নপত্র প্রণয়ন এবং পরিশোধনকারিগণের পারিশ্রমিক বাবদ ৩৪,৫৭,০৮০.০ (চৌত্রিশ লক্ষ সাতান্ন হাজার আশি মাত্র) টাকার ১,৩০৬ টি পারিশ্রমিক বিলের বিপরীতে ২৬ (ছব্বিশ)টি চেক নং ৮৭০৩৬০১ থেকে ৮৭০৩৬২০ পর্যন্ত ২০ টি এবং ৮৭০৩৮২১ থেকে ৮৭০৩৮২৬ পর্যন্ত ৬ টি তারিখঃ ২১.০৫.২০২৩ খ্রি. (সংযোজিত তালিকা অনুযায়ী) তাদের স্ব স্ব সঞ্চয়ী হিসাব নম্বরে স্থানান্তর (ক্রেডিট) করার জন্য আপনার ব্যাংকে প্রেরণ করা হলো।

উপরে বর্ণিত টাকা স্ব স্ব হিসাব নম্বরে স্থানান্তর (ক্রেডিট) করতে প্রয়োজ্য ব্যাংক চার্জ প্রাপকের প্রাপ্য টাকা হতে কর্তনপূর্বক দ্রুত প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক তালিকা ২ সেট।

(মোহাম্মদ আবদুল্লাহ আল মাহমুদ জামান)

সচিব

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

ব্যবস্থাপক  
সোনালী ব্যাংক লিমিটেড  
আগারগাঁও শাখা, ঢাকা-১২০৭

স্মারক নং- ৫৭.১৭.০০০০.১০৪.০২.২১৭.১৬. ১৮৭

তারিখঃ ২৪ মে ২০২৩ খ্রি.

সদয় অবগতির জন্য প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলোঃ

- ১। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।  
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। পিএ টু সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। সংশ্লিষ্ট নথি।

(আলমগীর হোসেন)

উপপরিচালক (হিঃ ও নিঃ)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা